



শিল্পীরা ছবি আঁকেন, ভাস্কর বিভিন্ন শিল্পের মাধ্যমে বিমূর্ত ভাব প্রকাশ করেন আর আলোকচিত্রীরা ছবির মাধ্যমে তার শিল্পী সত্তাকে ফুটিয়ে তুলতে চান। এইসব মাধ্যমের শিল্পকর্ম গ্যালারি বা মিউজিয়ামে গিয়ে উপভোগ করার নিয়ম। কিন্তু ফরাসি শিল্পীদের অনেকেই নিজ স্টুডিওতে তাদের শিল্পকর্ম সবার জন্য উন্মুক্ত প্রদর্শনীর ব্যবস্থা করে থাকেন। শিল্পকর্ম প্রদর্শনের এ পস্থা ‘পোর্ত উভার্ত’ নামে ফ্রান্সে সুবিদিত। এভাবে শিল্পকর্ম উপভোগের পাশাপাশি শিল্পী সম্পর্কে জানারও সুযোগ থাকে। বাংলাদেশে এ শিল্প আন্দোলন পাথিপ্রেমী ও পরিব্রাজক ইনাম আল হক তার নিজ স্টুডিওতে (অ্যাপার্টমেন্ট # ৪বি, বাড়ি # ১১, সড়ক # ৪, বনানী, ডি.ও.এইচ.এস, কাকলী, ঢাকা) ‘খোলাদ্বার প্রদর্শনী’ নামে শুরু করেছেন। ‘পোর্ত উভার্ত’-এর বাংলা অর্থ খোলা দরজা। প্রদর্শনীতে চারজন আলোকচিত্রী, তিনজন আঁকিয়ে এবং একজন ভাস্করের শিল্পকর্ম থাকছে। গত ১৯ আগস্ট থেকে শুরু | অনুপূর্ণা ট্রেইলের ট্রাটং-এ এক আদিবাসী ঘরে ফিরছে

খোলাদ্বার-এ মুসা ইব্রাহীমের বারোয়ারী প্রদর্শনী

হওয়া এ প্রদর্শনী আগামী ১১ সেপ্টেম্বর সকাল ১১টা থেকে রাত ৮টা পর্যন্ত সবার জন্য উন্মুক্ত। এখানে প্রতিটি শিল্পীর শিল্পকর্ম তিনদিন করে প্রদর্শিত হবে।

প্রদর্শনীর সূচিটি হলো— ইনাম আল হকের আলোকচিত্র: শুভ্রতার শত রং (১৯-২১ আগস্ট), ইফফাত আরা দেওয়ানের পেইন্টিং: ফুলগুলি যেন কথা (২২-২৪ আগস্ট), সজল খালের আলোকচিত্র : স্তব্ধ কল্লোল (২৫-২৭ আগস্ট), মুসা ইব্রাহীমের আলোকচিত্র: বারোয়ারী (২৮-৩০ আগস্ট), রাজেশ্বরী প্রিয়রঞ্জিনীর পেইন্টিং : শ্রাবণবেলা (৩১ আগস্ট-২ সেপ্টেম্বর), এম.এ. মুহিতের আলোকচিত্র: হৃদয়সমুদ্র তীরে (৩-৫ সেপ্টেম্বর), সুকুমার পালের সরাচিত্র: কালমুগয়া (৬-৮ সেপ্টেম্বর), ফেরদৌসী প্রিয়ভাষিণীর ভাস্কর্য: বনবাণী (৯-১১ সেপ্টেম্বর)।

আলোকচিত্রী, পর্বতারোহী ও সাংবাদিক মুসা ইব্রাহীমের আলোকচিত্র প্রদর্শনী ‘বারোয়ারী’-তে ঠাই পেয়েছে ২৫টি আলোকচিত্র। এইসব আলোকচিত্রে নেপালের পর্বত, প্রকৃতি ও জনপদ এবং বাংলাদেশের প্রকৃতি মূর্ত হয়ে উঠেছে। পেশায় সংবাদিক এ আলোকচিত্রী মুসা ইব্রাহীম গত ২০০৪ সাল থেকে মানুষের সাধারণ জীবনযাপনের বিভিন্ন বিষয় নিয়ে ছবি তুলে চলেছেন। তিনি ২০০৬ সালে ভারতের ফ্রে পর্বত চূড়া জয় করেন এবং চলতি বছর নেপালে আরেকটি পর্বত অভিযানে গিয়েছিলেন। ২০০৪ সালে দূক গ্যালারিতে ‘হিমালয়ের মনোহর মুখ’ নামে একটি যৌথ প্রদর্শনীতে তার আলোকচিত্র প্রদর্শিত হয়।

■ নূরুজ্জামান লাবু



চামচেতে তৃষ্ণার্ত গরু